



মেসির হ্যাটট্রিকে আলজেরিয়াকে হারাল আর্জেন্টিনা



লিওনেল মেসি। ছবি: সংগৃহীত

ক্যারিয়ারে অসংখ্য রেকর্ডের মালিক লিওনেল মেসি। ক্লাব ও আন্তর্জাতিক ফুটবল মিলিয়ে এর আগে ৬১টি হ্যাটট্রিক করলেও বিশ্বকাপের মধ্যে কখনো তিন গোলের দেখা পাননি। অবশেষে সেই অপেক্ষার অবসান হলো। নিজের ষষ্ঠ বিশ্বকাপ খেলতে এসে প্রথমবারের মতো হ্যাটট্রিক করলেন আর্জেন্টাইন অধিনায়ক। আলজেরিয়ার বিপক্ষে মেসির হ্যাটট্রিকে ৩-০ গোল জয় পেয়েছে আর্জেন্টিনা। কানসাস সিটিতে অনুষ্ঠিত ম্যাচে ১৭, ৬০ ও ৭৬ মিনিটে গোল করে বিশ্বকাপ ক্যারিয়ারের প্রথম হ্যাটট্রিক পূর্ণ করেন তিনি। ৮০ মিনিটে মাঠ ছাড়ার আগে দলের জয়ে সবচেয়ে বড় অবদান রাখেন এই তারকা। ম্যাচের শুরুতেই নাটকীয়তা ছিল। ষষ্ঠ মিনিটে মেসি এবং অষ্টম মিনিটে আলজেরিয়ার ফারেস চাইবি বল জালে পাঠালেও দুটি গোলই অফসাইডের কারণে বাতিল হয়। তবে ১৭ মিনিটে আর ভুল হয়নি। ডি বক্সের বাইরে থেকে নেওয়া মেসির শক্তিশালী শট ঠেকাতে পারেননি গোলরক্ষক লুকা জিদান। তাতেই এগিয়ে যায় আর্জেন্টিনা। প্রথমার্ধে আরও কয়েকটি সুযোগ তৈরি হলেও স্কোরলাইন অপরিবর্তিত থাকে। বিরতির পর আক্রমণের ধার আরও বাড়ায় বর্তমান বিশ্বচ্যাম্পিয়নরা। ৬০ মিনিটে আলেক্সিস ম্যাক অ্যালিস্টারের শট গোলরক্ষক ঠিকমতো নিয়ন্ত্রণ করতে না পারলে ফিরতি বলে সহজেই নিজের দ্বিতীয় গোলটি করেন মেসি। এরপর ৭৬ মিনিটে হ্যাটট্রিক পূর্ণ করেন আর্জেন্টাইন অধিনায়ক। বক্সের কাছাকাছি জায়গা থেকে নেওয়া নিখুঁত শটে আলজেরিয়ার জালে বল জড়িয়ে দেন তিনি। এই গোলের মাধ্যমে বিশ্বকাপে তার মোট গোলসংখ্যা দাঁড়ায় ১৬-তে। ফলে জার্মান কিংবদন্তি মিরোস্লাভ ক্লোসার সঙ্গে যৌথভাবে বিশ্বকাপ ইতিহাসের সর্বোচ্চ গোলদাতার আসনে উঠে আসেন মেসি। এর আগে মাঠে নামার মধ্য দিয়েও নতুন ইতিহাস গড়েন তিনি। আন্তর্জাতিক ফুটবলে ২০০ ম্যাচ খেলা তৃতীয় ফুটবলার এবং প্রথম খেলোয়াড় হিসেবে ছয়টি বিশ্বকাপে অংশ নেওয়ার কীর্তি গড়েন আর্জেন্টিনার এই মহাতারকা। আর সেই ঐতিহাসিক ম্যাচেই বিশ্বকাপের প্রথম হ্যাটট্রিক করে স্মরণীয় করে রাখলেন দিনটি।